মেহেরপুরে কর্মহীনদের মাঝে ত্রাণ বিতরণে সামাজিক দুরত্ব মানাতে ব্যার্থ সংশ্লিষ্টরা

সারা পৃথিবীর মানুষ যখন করোনার ভয়াবহতা থেকে বাঁচতে নিজেকে সবার কাছ থেকে আলাদা করে রেখেছেন তখন আমাদের দেশের খেঁটে খাওয়া মানুষ ক্ষুধার হাত থেকে বাঁচতে করোনাকে আলিঙ্গন করে চলেছেন প্রতিনিয়ত।

সামাজিক দুরত্বতো দুরের কথা প্রায়ই চোখে পড়ে গায়ের সাথে গা ঘেঁষে ত্রাণ সংগ্রহ করতে মরিয়া দেশের কর্মহীন হয়ে পড়া মানুষকে। যে দেশে অধিকাংশ মানুষকে নুন আনতে গিয়ে পান্তা ফুরোতে হয় সেই দেশে লকডাউন বা সামাজিক দুরত্ব মানানো কতটুকু সম্ভব?

মেহেরপুরের গাংনী পৌর সভায় প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিল থেকে কর্মহীন মানুষের মাঝে শনিবার (০২-০৫-২০২০ ইং) সকাল থেকে প্রায় ৮শ’ কর্মহীন মানুষের মাঝে ১৫ কেজি করে চাউল বিতরণ করেন পৌর মেয়র আশরাফুল ইসলাম। বিতরণ কালে নয়টি ওয়ার্ডের কাউন্সিলররাও উপস্থিৎ ছিলেন।

সুবিধাভোগি মানুষদের পৌর সভা থেকে সামাজিক দুরত্ব মেনে ত্রাণ নেওয়ার জন্য বারবার বললেও তাদেরকে কোনভাবেই মানানো সম্ভব হচ্ছেনা।

সুবিধাভোগি একজনের সাথে জানতে চাইলে তিনি বলেন, “আগে খিদি মারি, তারপর করোনা মাইরবো না হয় নিজে মইরব” (মেহেরপুরের আঞ্চলিক ভাষা)।

সুবিধাভোগিদের কাছাকাছি অবস্থানে দাড়ানোর ভয়বহতা বারবার পৌর কর্তৃপক্ষ থেকে বলা হলেও তারা তা বুঝতে চাইছেনা। স্বয়ং মেয়র আশরাফুল ইসলাম নিজে মাইকে করে তাদের বোঝানোর চেষ্টা করেও বোঝাতে পারেনি। পরে তিনি পৌর কার্যালয়ের পিছনের দিকদিয়ে লাইন করে দশজন করে গেটের ভিতরে সামাজিক দুরত্ব বজায় রেখে চাউল বিতরণ করেন।

এদিকে সুবিধাভোগি কর্মহীনদের কাছে জানতে চাওয়া হলে তারা অনেকেই একই সুরে বলেন করোনার চেয়ে ক্ষুধার জ্বালা ভয়ংকর। করোনা আমাদের

কিছু করতে পারবেনা। বরং ক্ষুধায় আমাদের পঙ্গু করে দিবে।

মেহেরপুর জেলা প্রশাসক আতাউল গণি বলেন, আমরা সকল জনপ্রতিনিধি সহ সংশ্লিষ্টদের বলা হয়েছে সামাজিক দুরত্ব বজায় রেখে ত্রাণ সামগ্রি বিতরণ করতে। তারা সেভাবেই কাজ চালিয়ে যাচ্ছেন।

অপর এক প্রশ্নের জবাবে তিনি বলেন গাংনী পৌরসভাতেও সামাজিক দুরত্ব বজায় রেখে ত্রাণ কার্যক্রম চালিয়ে যাচ্ছে। তবুও অনেকে বাইরে যদি তারা দুরত্ব বজায় না রাখে তাহলে তাদেরকে বোঝানো সম্ভব নয়। সামাজিক দুরত্ব বজায় রাখার জন্য প্রতিনিয়ত প্রশাসনের সাথে পুলিশ বিভাগ নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী খাদ্য সামগ্রী বাড়িতে পৌছিয়ে দিচ্ছি- মেয়র রিটন

করোনার ভাইরাস প্রার্দূভাবের শুরু থেকেই কর্মহীন অসহায় মানুষের পাশে দাঁড়িয়েছেন মেহেরপুর পৌর মাহফুজুর রহমান রিটন। প্রতিদিনই তিনি নিজেই মানুষের দুয়ারে দুয়ারে গিয়ে খাদ্যসামগ্রী পৌঁছে দিতে অক্লান্ত পরিশ্রম করে যাচ্ছেন তিনি ।
শুক্রবার বিকালে পৌরসভার ১নং ওয়ার্ডের ঘোষপাড়ার ৫৫০ টি কর্মহীন অসহায় পরিবারের মাঝে খাদ্যসামগ্রী বিতরণ করেন।
খাদ্যসামগ্রী বিতরণকালে মেয়র বলেন, প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নির্দেশনা দিয়েছেন নির্বাচনের সময় যেমন বাড়ি বাড়ি গিয়ে ভোট চাওয়া হয়েছে ঠিক তেমনি যেকোন দুঃসময়ে কর্মহীন অসহায় মানুষের বাড়ি বাড়ি গিয়ে খাদ্যসামগ্রী দিয়ে নিশ্চিত করতে হবে। প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক আমি আমার নিজস্ব তহবিল থেকে এসব সাহায্য-সহযোগিতা করে যাচ্ছি। এ কার্যক্রম অব্যহত থাকবে ইনশাআল্লাহ। পৌরবাসীর উদ্দেশ্যে তিনি আরো বলেন আপনারা ঘরে থাকেন আমি আছি আপনাদের পাশে। খাদ্যসামগ্রী পৌঁছে যাবে আপনার দুয়ারে।
খাদ্য সামগ্রী বিতরনকালে সহযোগীতা করেন, পৌর কাউন্সিলর নুরুল

আশরাফ রাজিব, মীর জাহাঙ্গীর, যুবলীগ নেতা আমানুর রহমান সোহেল, ইয়ানুস আলী, শেখ সারাফদ্দিন, সাজাহান, জুয়েল রানা প্রমুখ উপস্থিত ছিলেন।

মেহেরপুর আমদহে জমি সংক্রান্ত বিরোধের জেরে মা ও ছেলে কে মারধর

মেহেরপুর সদর উপজেলা আমদাহ গ্রামে জমিজমার জেরে লাল বানু (৪৫) ও শাহ আলম (২৫) নামে দুজনকে গুরুতর আহত করার অভিযোগ উঠেছে একই গ্রামের মিন্টু মিয়ার ছেলে সোহেল রানা, আব্দুর রহমানের ছেলে গোলাম ও ইসমাইলের ছেলে মিন্টু মিয়ার বিরুদ্ধে।

আহতরা হচ্ছেন সদর উপজেলার আমদাহ গ্রামের শাহ জামালের স্ত্রী লালবানু ও ছেলে শাহ আলম। শুক্রবার দুপুরে এঘটনা ঘটে।
শাহ জামাল জানান, গত ২৬ বছর আগে আমি বসতবাড়ির ৫ কাঠা জমি ক্রয় করেছি আমদহ গ্রামের আব্দুর রহমান পাচুর মেয়ে ফেরদৌসী ও ছেলে আরশাদ আলীর নিকট হতে। ফেরদৌসীর ছেলে সোহেল রানা দীর্ঘ দিন ধরে আমাকে ও আমার পরিবারকে জমি ছেড়ে দেওয়ার জন্য হুমকি দিয়ে আসছে। গত কয়েকমাস আগে মিথ্যা মামলা দিয়ে আমাকে ২০ দিন জেল খাটিয়েছে ওরা।

তিনি আরও বলেন এই জমি ছেড়ে দেওয়ার জন্য শুক্রবার দুপুরের দিকে সোহেল রানা, গোলাম ও মিন্টুসহ কয়েকজন বাড়ীতে ঢুকে আমার স্ত্রী ও সন্তানকে মারধর করে। আমার ছেলেকে হাসুয়া দিয়ে হাতে একটি কোপ মারে। এতে আমার ছেলে আহত হলে এলাকাবাসী উদ্ধার করে মেহেরপুর হাসপাতালে নিয়ে ভর্তি করে।

পরে স্থানীয়রা সাহেবপুর ক্যাম্পে খবর দিলে পুলিশ এসে সোহেল রানা কে আটক করে নিয়ে যায়।

সাহেবপুর ক্যাম্প ইনচার্জ এস আই নবী জানান, আমদাহ গ্রামে

মারামারি হচ্ছে এমন সংবাদে আমি সঙ্গীয় ফোর্স নিয়ে ঘটনাস্থলে যায়। সেখানকার পরিস্থিতি নিয়ন্ত্রনে সোহেল রানা কে আটক করে থানায় প্রেরন করি। দুপক্ষে সাথে বসে মিমাংসার ব্যবস্থা করা হবে।

মুজিবনগরে সৌদি প্রবাসীর মৃত্যু, এলাকায় করোনা আতঙ্ক

মুজিবনগর উপজেলার দারিয়াপুর গ্রামে সৌদি প্রবাসী মশিউর রহমান নামের এক ব্যাক্তির মৃত্যু হয়েছে।

মৃত্যুর পূর্বে মশিউর রহমানের জ্বর -সর্দিকাশি ছিল বলে জানা যায়।

করোনা উপসর্গ থাকায় পারিবারিক সদস্যদের মাধ্যমে জানাযা পড়িয়ে লাশটি তড়িঘড়ি করে দাফন করে তার পরিবার।

এদিকে মশিউরের মৃত্যুতে এলাকায় করোনা আতঙ্ক ছড়িয়ে পড়েছে।

জানা গেছে মেহেরপুর মুজিবনগর উপজেলার দারিয়াপুর গ্রামের মশিউর রহমান ময়েজ সম্প্রতি সৌদি আরব থেকে দেশে ফিরে আসে।

বুধবার রাতে মেহেরপুর শহরের কোর্ট এলাকায় তার বাড়িতে সর্দি-জ্বর-কাশি নিয়ে হঠাৎ করে মৃত্যু বরণ করেন।

মৃত্যুর ঘটনা জানাজানি হলে সেখানে কাউকে প্রবেশ করতে দেয়া হয়নি। মেহেরপুর থেকে তার লাশ দ্রুত দারিয়াপুরে নেওয়া হয়।

দারিয়াপুর একাধিক সূত্র জানিয়েছে লাশ দারিয়াপুর নেওয়ার পরে জানানো ছাড়ায় তার দুই ভাইসহ ৫-৬ জন ব্যক্তি দ্রুত দাফন কাজ সম্পন্ন করে।

জ্বর,সর্দি কাশি নিয়ে মৃত্যুবরণ করার খবর ছড়িয়ে পড়লে দারিয়াপুর গ্রামে আতঙ্ক ছড়িয়ে পড়ে।

এদিকে এ ব্যাপারে মেহেরপুর সিভিল সার্জন ডাক্তার নাসিরুদ্দিনের সাথে যোগাযোগ করা হলে তিনি বলেন, প্রবাসী ব্যক্তির যদিও

হোমকোরেন্টিনের মেয়াদ শেষ হয়েছে তারপরও বিষয়টি দেখব বলে তিনি জানান।

মেপ্র/এমএফআর

গাংনী ধানখোলা ইউনিয়ন আ.লীগ সভাপতি আলী আজগরের বিরুদ্ধে চাঁদাবাজির অভিযোগ

মেহেরপুরের গাংনী উপজেলার ধানখোলা ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি আলী আজগরের বিরুদ্ধে চাঁদাবাজির অভিযোগ উঠেছে। ধানখোলা ইউনিয়নের ভাটপাড়া ইউপি সদস্য। এলাকায় প্রভাব বিস্তার করে বিভিন্ন কায়দায় সাধারণ মানুষের কাছ থেকে চাঁদা নিয়ে আসছে বলে অভিযোগ অনেকের।
নাম প্রকাশে অনিচ্ছুক অনেকেই জানান, রাজনৈতিক ক্ষমতা ব্যবহার করে এলাকার যুবকদের নিয়ে গ্যাং তৈরি করেছে। আলী আজগরের নেতৃত্বেই এই গ্যাং এর সদস্যরা সাধারণ মানুষকে ফাঁদে ফেলে চাঁদা আদায় করে। এছাড়াও মিথ্যা মামলার ভয় দেখিয়ে হয়রানি করার অভিযোগ উঠেছে তার বিরুৃদ্ধে।
অর্থ আর রাজনৈতিক ক্ষমতার বলে তার বিরুদ্ধে কেউ কথা বলতে সাহস পাইনা। অত্যাচার সহ্য করতে না পেরে কেউ যদি তার বিরুদ্ধে ব্যবস্থা নিতে যায় তাকেও মামলা ও সন্ত্রাসী বাহিনীর ভয় দেখিয়ে থামিয়ে দেওয়া হয়।
অভিযোগ অস্বীকার করে আলী আজগর বলেন, আমার বিরুদ্ধে ষড়যন্ত্র করা হচ্ছে। আমি রাজনীতি করি, আমার বিপক্ষ একটি গ্রুপ এই সব মিথ্যা কথা ছড়াচ্ছে।

মেহেরপুরে অস্বচ্ছল আনসার সদস্যদের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ

বৌশ্বিক মহামারি করোনা ভাইরাস (কোভিড-১৯)এর প্রাদুর্ভাবজনিত কারণে অস্বচ্ছল ভিডিপি সদস্য- সদস্যাদের মধ্যে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়েছে।

শুক্রবার সকাল ১০ টার দিকে মেহেরপুর জেলা আনসার ও ভিডিপি কার্যলয়ে ৩০০ পরিবারের মাঝে এই খাদ্য সামগ্রী বিতরন করা হয। খাদ্য সামগ্রীর মধ্যে ৫ কেজি চাউল, ১ কেজি ডাল,১ লিটার তেল,২ কেজি আলু,১ কেজি পিয়াজ, ১টি সাবান ও১টি করে মাস্ক রয়েছে।

এ সময় উপস্থিত ছিলেন জেলা আনসার ও ভিডিপি র জেলা কমান্ড্যাট মোঃ রাকিবুল ইসলাম। মুজিব নগর উপজেলা আনসার ভিডিপি অফিসার মিরাজুল ইসলাম ও সদর উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা ইসরাফিল হোসেন।

গাংনীতে ইউপি সদস্যকে মারধর করে ত্রানের স্লিপ ছিনিয়ে নেওয়ার চেষ্টা

মেহেরপুরের গাংনীতে এক ইউপি সদস্যকে মারধর করার অভিযোগ উঠেছে সদ্য আওয়ামীলীগে যোগদানকারী জিকরিয়া সহ তার সহযোগীদের বিরুদ্ধে।
বুধবার সন্ধ্যায় সরকারী ত্রানের স্লিপ না দেওয়ায় উপজেলার গাড়াডোব গ্রামের ইউপি সদস্য হাবিবুর রহমান ফিরোজকে ডেকে নিয়ে মারধর করে তারা।
এ ঘটনায় ইউপি সদস্য হাবিবুর রহমান ফিরোজ চার জনের বিরুদ্ধে থানায় লিখিত অভিযোগ দায়ের করেছে।

ধানখোলা ইউনিয়নের ১ নম্বর ওয়ার্ডের সদস্য ও শ্রমিক নেতা হাবিবুর রহমান ফিরোজ জানান, করোনা দুর্যোগের কারণে সরকার ধানখোলা ইউনিয়নে গত কয়েকদিন আগে ১ হাজার কর্মহীন অসহায় দরিদ্র মানুষের জন্য খাদ্য সহায়তা বরাদ্দ করে। সেখান থেকে ১ নং ওয়ার্ডের জন্য ১৪৬ জনের বরাদ্দ থাকলেও প্রভাব খাটিয়ে জোর পূর্বক ৩০ জনের নামের তালিকা দেয় জিকরিয়া সহ তার সহযোগীরা। তাদের দেয়া নাম তালিকায় অন্তর্ভুক্ত করে সুবিধাভোগী কয়েকজনকে গ্রাম পুলিশের মাধ্যমে স্লিপ ও মৌখিক ভাবে চাল নেওয়ার জন্য বলা হলেও ঘটনার দিন সন্ধ্যায় গাড়াডোব গ্রামের ইয়াদ খা’র ছেলে মতিয়ার রহমান মোবাইল ফোনে বাজারে পাশের্^ ডেকে নেয়।
এরপর ঘটনাস্থলে যাওয়ার পর আবুল কাশেমের ছেলে জিকরিয়ার নেতৃত্বে নুরুর ছেলে যুবলীগ নেতা মিজানুর রহমান, আমিনুল ইসলাম ত্রানের চাল আত্মসাৎ করার জন্য স্লিপ দাবি করে। ভুক্তভোগীদের স্লিপ দেয়া হয়েছে বলার পরপরই তারা মারধর করে কাছে থাকা অন্য ত্রানের স্লিপ কেড়ে নেওয়ার চেষ্টা করে। এ ঘটনায় উক্ত ৪ জনের বিরুদ্ধে গাংনী থানায় লিখিত অভিযোগ করা হয়েছে।

সদ্য বিএনপি থেকে আওয়ামীলীগে যোগদানকারী অভিযুক্ত জিকরিয়া বলেন, স্লিপ দেয়া নেয়াকে কেন্দ্র করে ইউপি সদস্য হাবিবুর রহমান ফিরোজের সাথে বাকবিতন্ডার ঘটনা ঘটেছে। জনপ্রতিনিধি কিংবা সরকারী প্রতিনিধি না হয়ে কিভাবে সরকারী ত্রানের স্লিপ দাবি করেন এমন প্রশ্ন করলে তিনি উত্তর না দিয়ে গড়িমশি করতে থাকেন এক পর্যায় যুবলীগ নেতা মতিয়ার রহমানের সাথে কথা বলতে অনুরোধ করেন।
এ বিষয়ে কথা বলতে যুবলীগ নেতা মতিয়ার রহমানের ব্যবহৃত মোবাইল ফোনে কল দিলে বন্ধ পাওয়া যায়। এ বিষয়ে কথা বলতে চাইলে ইউপি চেয়ারম্যান আখেরুজ্জামানের ব্যবহৃত মোবাইল ফোনে কল দিলে মোবাইল বাড়িতে রেখে বাইরে গেছে বলে জানানো হয়।

গাংনী থানার ওসি মো: ওবাইদুর রহমান জানান, ইউপি সদস্য হাবিবুর রহমান ফিরোজকে মারধর করা হয়েছে মর্মে ৪ জনের বিরুদ্ধে একটি লিখিত অভিযোগ দিয়েছে। এ ঘটনায় উভয় পক্ষকে ডাকা হয়েছে। ত্রানের চালের স্লিপ আত্মসাৎ এর ঘটনা ঘটে থাকলে অবশ্যই আইনগত ব্যবস্থা নেয়া হবে।

মেহেরপুরের সোনাপুরে বিকাশ এজেন্টের ৬০হাজার টাকা লুট

বিকাশের বিটিবি ও হেলপ নাম্বার (১৬২৪৭) থেকে ফোন দিয়ে ৬০ হাজার টাকা লুটে নেওয়ার অভিযোগ করেছেন মোহাম্মদ হোসেন শান্ত নামের এক এজেন্ট।
গতকাল বিকালে মেহেরপুর সদর উপজেলার সোনাপুর গ্রামের এজেন্ট মাহারিন ফার্মেসী নামের এজেন্ট থেকে এ তিন দফায় ৬০ হাজার টাকা লুটে নেওয়া হয়েছে।
এজেন্ট মোহাম্মদ হোসেন শান্ত জানান, বিকাশের বিটিবি নম্বর থেকে ফোন দিয়ে মেহেরপুরের ম্যানেজার পরিচয় দিয়ে তার এজেন্ট নম্বর কন্ট্রোলে নিয়ে নেয়। এর পর তিন দফায় ৬০ হাজার টাকা লুটে নিয়েছে। তিনি অভিযোগ করে জানান, বিকাশের কর্মকর্তারায় এ ধরণের অপকর্মের সাথে জড়িত। এ ব্যাপারে বিকাশের বিরুদ্ধে মামলার প্রস্তুতি চলছে।

গাংনী হাসপাতালে ৫০০ হ্যান্ডগ্লাভস উপহার দিলো ‘পরিবর্তনের মেহেরপুর’

যখন করোনা ভাইরাসের আতঙ্কে আতঙ্কিত বিশ্ববাসী তখন সেবাপ্রদান কারীরা আতঙ্কের ভয় কাটিয়ে পর্যাপ্ত পরিমাণে নিরাপত্তা ব্যাবস্থা না থাকা সত্বেও মানুষকে সেবা দিয়েই চলেছেন। চিকিৎসকদের এমন সংকটময় সময়ে পাশে দাড়ালেন পরিবর্তনের মেহেরপুর নামের একটি সংগঠন। গতকাল বৃহস্পতিবার সকালে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ মোঃ রিয়াজুল ইসলামের হাতে ৫০০ পিস হ্যান্ডগ্লাভস তুলে দিলেন সংগঠনের সদস্যরা।
পরিবর্তনের মেহেরপুরের মুখপাত্র সাইদুর রহমান জানান, দেশের এই সংকটময় সময়ে চিকৎসকদের সেফটিটা অত্যান্ত জরুরি। সেই সুবাদে আমরা মনে করি তারা সুস্থ থাকলে হাজারো অসুস্থ মানুষকে সুস্থ রাখতে

সক্ষম হবেন। তাই সকল ডাক্তার নার্সদের জন্য ৫০০ পিস হ্যান্ডগ্লাভস এর ব্যবস্থা করা হয়। যদিও এগুলো খুব সামান্য তবুও সমাজের সকল মানুষ আমাদের এমন কাজ দেখে অনুপ্রানিত হয়ে যেন তারাও পাশে থাকতে পারেন এই জন্যেই আমাদের এমন উদ্যোগ। সকলের ভিতরে ভালোকাজের অনুপ্রেরনা সৃষ্টিতে পরিবর্তনের মেহেরপুর প্রতিনিয়ত কাজ করে চলেছে।
হ্যান্ডগ্লাভস প্রদানের সময় আরএমও ডাঃ সাদিয়া শারমিনসহ সংগঠনের সদস্য তারিকুল ইসলাম, আশিকুল ইসলাম, আবির প্রমুখ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে অগ্নিকান্ডে আহত গৃহবধূর মৃত্যু

মেহেরপুর জেলার গাংনী উপজেলার মটমুড়া ইউনিয়নের বাওট গ্রামে অগ্নিকান্ডের ঘটনায় আফিয়া খাতুন (৩৫) নামের এক গৃহবধূ তিন দিন পর মারা গেছেন।

আজ বৃহস্পতিবার সকালের দিকে ঢাকা বার্ণ ইউনিটে চিকিৎসাধীন অবস্থায় গৃহবধূ আফিয়া মারা যান।

গৃহবধূ আফিয়া বাওট গ্রামের মধ্য (রাজধানী) পাড়ার আশরাফুল ইসলামের স্ত্রী।

স্থানীয়রা জানান, আফিয়া গত রোববার (২৬ এপ্রিল) বিকেলের দিকে রান্না ঘরের চুলোতে রুটি তৈরী করছিলেন। রুটি তৈরীর এক পর্যায়ে সে আকস্মিকভাবে চুলোর আগুনে পড়ে যান। এসময় আগুনে তার শরীর মারাত্বকভাবে ঝলসে যায়।

পরে প্রতিবেশীরা এসে তাকে উদ্ধার করে প্রথমে স্থানীয় বামন্দী শহরের একটি ক্লিনিকে নেয়। সেখানে তার অবস্থার অবনতি হলে তাৎক্ষনিক ভাবে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়।

পরে উন্নত চিকিৎসার জন্য তাকে ঢাকা বার্ণ ইউনিটে ভর্তি করা হয়। তিন দিন মৃত্যুর সাথে পাঞ্জা লড়ে বৃহস্পতিবার চিকিৎসাধীন অবস্থায়

□□□□ □□□□